

রাঃবিঃ'র প্রোভিসির প্রত্যাভন'

রাঃবিঃ রিপোর্টার : রাজশাহী বিশ্ববিদ্যালয়ের প্রোভিসি প্রফেসর কে. এ. এম. শাহাদত হোসেন মন্ডল জাপানে তিন মাসব্যাপী উচ্চতর গবেষণা শেষে রাজশাহী ফিরেছেন। তিনি সেখানে সোসাইটি ফর প্রমোশন অফ সায়েন্সেস-এর ফেলোশিপে সুকুবা ন্যাশনাল ফুড রিসার্চ ইনস্টিটিউটে গুদামজাত শস্যের ক্ষতিকারক কীটপতঙ্গ দমনের উপর গবেষণা করেন। তিনি সুকুবা বিশ্ববিদ্যালয় ভিসির সাথে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণাসহ সংশ্লিষ্ট ক্ষেত্রে পারস্পরিক সহযোগিতা স্থাপনের বিষয়ে আলোচনা করেন। সুকুবা বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে একাডেমিক লিংকেজ স্থাপনে বিশেষ আগ্রহ প্রকাশ করা হয়। লিংকেজ প্রোগ্রামের বিষয়টি এখন প্রক্রিয়াধীন রয়েছে। প্রফেসর মন্ডল বিশ্ববিদ্যালয়ে ফিরে ভিসি প্রফেসর ফাইসুল ইসলাম ফারুকীর সাথে সাক্ষাৎ করে সকল বিষয়ে তাকে অবহিত করেন।